Lens Asia

১৭ জানুয়ারী, ২০২৬

# হাসনাতের প্রতিদ্বন্দ্বী বিএনপি প্রার্থীর মনোনয়ন বাতিল



সংগৃহীত ছবি

কুমিল্লা-৪ আসনে বিএনপির প্রার্থী মঞ্জুরুল আহসান মুন্সীর মনোনয়নপত্র বাতিল করেছে নির্বাচন কমিশন। ঋণখেলাপির অভিযোগ প্রমাণিত হওয়ায় এ সিদ্ধান্ত নেয় ইসি।

শনিবার (১৭ জানুয়ারি) বিকেল ৪টায় রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশন ভবনের বেজমেন্ট-২ অডিটোরিয়ামে শুনানি শেষে এ রায় ঘোষণা করা হয়।

উল্লেখ্য, এ আসনে ১০ দলীয় জোটের প্রার্থী হিসেবে এনসিপির হাসনাত আব্দুল্লাহ প্রতিদ্বন্দ্বিতা করছেন।

এর আগে মঞ্জুরুল আহসান মুন্সীর বিরুদ্ধে ঋণখেলাপির অভিযোগ তুলে তার মনোনয়ন কেন বাতিল হবে না, সে বিষয়ে নির্বাচন কমিশনে আপিল করেন হাসনাত আব্দুল্লাহ। অপরদিকে, বিএনপির এই প্রার্থীও হাসনাত আব্দুল্লাহর প্রার্থিতা বৈধতা নিয়ে পাল্টা আপিল করেন ইসিতে।

LENS ASIA